

া মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৬৬

পর্ব-১: ঈমান (বিশ্বাস) (كتاب الإيمان)

পরিচ্ছেদঃ ২. প্রথম অনুচ্ছেদ - সন্দেহ-সংশয়, কুমন্ত্রণা

بَابُ الْوَسْوَسَةِ

আরবী

وَعَنْ أَبِي هُرَيْرَةَ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: لَا يَزَالُ النَّاسُ يَتَسَاءَلُونَ حَتَّى يُقَالَ هَذَا خَلَقَ اللَّهُ الْخَلْقَ فَمَنْ خَلَقَ اللَّهُ؟ فَمَنْ وَجَدَ مِنْ ذَلِكَ شَيْئًا فَلْيَقُلْ: آمَنت باللَّه وَرُسُله

বাংলা

৬৬-[8] উক্ত রাবী [আবৃ হুরায়রাহ্ (রাঃ)] হতে বর্ণিত। তিনি বলেন, রস্লুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ সব সময় মানুষ (বিভিন্ন ব্যাপারে) পরস্পর কথোপকথন করতে থাকে। পরিশেষে এ পর্যায়ে এসে পৌঁছে যে, এসব মাখলূরু তো আল্লাহ সৃষ্টি করেছেন, তাহলে আল্লাহকে সৃষ্টি করেছে কে? তাই যে ব্যক্তির মনে এ জাতীয় খটকা, সংশয়, সন্দেহের উদয় হয় সে যেন বলে উঠে, আমি আল্লাহর প্রতি ও আল্লাহর রসূলের প্রতি ঈমান এনেছি। (বুখারী, মুসলিম)[1]

English

Chapter: Evil Promptings - Section 1

Abu Huraira reported God's messenger as saying, "People will continue to ask one another questions till someone says this, 'God created all things, but who created God?' Whoever comes across anything of that nature should say, 'I believe in God and in His messengers.' "

(Bukhari and Muslim.)

ফুটনোট

[1] সহীহ : মুসলিম ১৩৪, আবূ দাউদ ৪৭২১, সহীহ আল জামি' ৭৬৯৬; বুখারীতে হাদীসটি এ শব্দে নেই।



ব্যাখ্যা

ব্যাখ্যাঃ (فَمَنْ وَجَدَ مِنْ ذَلِكَ شَيْئًا) যে ব্যক্তি তার হৃদয়ে এমন কিছু পাবে। অর্থাৎ- যে ব্যক্তির মনে এ ধরনের প্রশ্ন জাগবে যে, আল্লাহকে কে সৃষ্টি করেছে? তখন যেন সে বলে (مَنْتُ بِاللهِ وَرَسُوْلِه) আমি বিশ্বাস স্থাপন করেছি আল্লাহর প্রতি ও তাঁর রসূলগণের প্রতি। অর্থাৎ- আল্লাহ তা আলা স্বীয় গুণাবলী ও তার একত্বাদ সম্পর্কে যা বলেছেন আমি তাই বিশ্বাস করি। আর তাঁর রসূলগণ যা বলেন তাই সত্য ও সঠিক। এর পরে ভ্রান্তি ব্যতীত আর কিছু নেই।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবৃ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন